

মেডিক্যাল ভর্তি পরীক্ষা ১২ ডিসেম্বর

নিজস্ব প্রতিবেদক



সংযুক্ত ছবি

দেশের সরকারি-বেসরকারি মেডিক্যাল কলেজের ২০২৫-২৬

শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত করা হয়েছে। আগামী ১২

ডিসেম্বর সারা দেশে একযোগে এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

হবে। এবারের পরীক্ষার প্রশ্নপত্রের ধরনে কিছু পরিবর্তন আনবে

স্বাস্থ্য মন্ত্রণালয়। প্রথমবারের মতো এমসিকিউয়ের (বহুনির্বাচনি)

পাশাপাশি থাকবে লিখিত অংশও।

সোমবার (৬ অক্টোবর) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের

এক সভায় ভর্তি পরীক্ষার এ তারিখ চূড়ান্ত করা হয়।

শুন



নতুন পে ক্ষেলে 'গ্রেড' কমছে, বাড়ছে বেতন

সভায় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা.

নাজমুল হোসেন, বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল

(বিএমএন্ডিসি) সভাপতি প্রফেসর ড. মো. সাইফুল ইসলাম,

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের যুগ্মসচিব মল্লিকা খাতুন,

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক অধ্যাপক ডা. মহিউদ্দিন মাতুরুর

উপস্থিত ছিলেন।

জানতে চাইলে অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. নাজমুল

ইসলাম গণমাধ্যমকে বলেন, 'আগামী ১২ ডিসেম্বর মেডিক্যাল

ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এটি চূড়ান্ত করা হয়েছে।

আমরা ভর্তি পরীক্ষার যাবতীয় প্রস্তুতি নিচ্ছি। আবেদনগ্রহণ ও

অন্যান্য বিষয় খুব দ্রুত চূড়ান্ত করে জানিয়ে দেওয়া হবে।'